৭২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 SEP 1998 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৪ ......

## প্রকাশিত সংবাদ প্রসঙ্গে জা'ন' বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-শিক্ষক সমিতি গতকাল (বুধবার) ইত্তেফাকে প্রকাশিত 'জা'ন' বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের বৈঠকে সত্যতা যাচাই কমিটির রিপোর্টে পর্যালোচনা'- শীর্ষক রিপোর্টের একাংশের প্রতিবাদ জানাইয়াছে। প্রতিবাদ লিপিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ছাত্রী ধর্ষণ ও শিক্ষিকা লাঞ্ছিত হবার ঘটনা তদন্ত ও শাস্তির ব্যাপারে শিক্ষক এবং শিক্ষক সমিতির ভূমিকা সম্পর্কে বিভ্রান্তিমূলক ও অসত্য খবর প্রকাশ করা হইয়াছে। ছাত্রী ধর্ষণ ঘটনার তদন্ত দাবী করিয়া দোষী ব্যক্তিদের সনাক্ত করা গেলে তাহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবী জানাইয়া শিক্ষক সমিতির সাধারণ সভায় সিদ্ধান্ত নেওয়া হয়। অনুরূপভাবে শিক্ষিকা লাঞ্ছিত হইবার ঘটনা তদন্ত ও দোষীদের শাস্তির দাবী সমিতির সাধারণ সভায় সিদ্ধান্ত নেওয়া হয়। সমিতির সদস্যদের মধ্যে এই ঘটনাসমূহ তদন্ত ও দোষীদের বিচারের দাবীতে কোন বিভক্তি নাই এবং রাজনৈতিক উদ্দেশ্যও নাই। বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকরা একজোট হইয়া ক্ষমতাসীন দলের ভাবমূর্তি নষ্টের প্রয়াস চালায় বলিয়া রিপোর্টে যাহা প্রকাশিত হইয়াছে তাহাতে শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুণ্ন হইয়াছে।